চিরকালের জন্য সুখে ... আগে এবং পরে

আপনার বিবাহকে শক্তিশালী করা

বিবাহের আগেঃ বিবাহের তালিম

দৃঢ় সম্পর্ক আপনাকে জীবনে পরিবর্তন ও প্রতিযোগিতার মোকাবেলা করতে প্রস্তুত করে। সুন্দর যোগাযোগ ও গভীর সম্পর্ক স্থাপনের কৌশল পূর্বাহ্নেই গড়ে তোলা গুরুত্বপূর্ণ, যেন দুঃসময়ে আপনি এই সব কৌশলের উপর নির্ভর করতে পারেন।

বিবাহ-পূর্ব তালিম দম্পতিদেরকে সারা জীবনের জন্য গাঁটছড়া বাঁধার কৌশল ও তথ্য দিয়ে বিয়ের জন্য প্রস্তুত করে। আগের সম্পর্ক থেকে আসা শিশুরা কোন বিবাহে অতিরিক্ত আয়তন ও জটিলতা যোগ করতে পারে যা অন্বেষণের জন্যও কোর্স আছে।

বিবাহের সময়ঃ পারিবারিক পরামর্শদান

সম্পর্ক বজায় রাখা সব সময় সহজ নয়। আপনার জীবনের বিভিন্ন পর্যায়ে সম্পর্কে সমস্যা দেখা দিতে পারে। যদিও কোন কম্পমান মুহূর্ত প্রমাণ করে না যে আপনার সম্পর্ক বিপদে পড়েছে, এটা আপনার যে সাহায্যের প্রয়োজন তার আলামত হতে পারে।

পারিবারিক পরামর্শদান দম্পতিদেরকে বিবাহের সময় সংঘটিত বহু পরিবর্তনের সঙ্গে বোঝাপড়া করতে সাহায্য করতে পারে, যেমন ছেলেমেয়ে ও পরিবারের সঙ্গে জড়িত ব্যক্তিগত ও আন্তঃব্যক্তিগত সমস্যা। পারিবারিক পরামর্শদাতাগণ আপনাকে আপনার স্বামী/স্ত্রী বা অংশীদারের সঙ্গে আবেগপূর্ণ সমস্যাগুলির মধ্য দিয়ে কাজ করতে, বা আপনার ব্যক্তিগত মাতৃ-পিতৃক দায়দায়িত্বের বিষয়ে মতৈক্যে পৌঁছাতে সাহায্য করতে পারেন।

বিবাহে ভাঙ্গনঃ পারিবারিক কলহের সমাধন

ফ্যামিলি ডিসপিউট রেজল্যুশন (এফডিআর) পৃথক হওয়া দম্পতিকে সম্পত্তি, অর্থ, এবং - সবচেয়ে গুরুত্বপূর্ণ - কোন শিশুদের বিষয়ে মতৈক্যে পৌঁছাতে সাহায্য করতে পারে। আইন দাবী করে যে পৃথক হওয়া দম্পতি যাঁদের মধ্যে শিশুপালনে কলহ রয়েছে তাঁরা এফডিআরের মাধ্যমে বোঝাপড়া করার আন্তরিক চেষ্টা করবেন।

কোন স্বীকৃত এফডিআর পেশাদার আপনাকে সমস্যাগুলির আলোচনা, পছন্দগুলির বিবেচনা করতে, এবং মতৈক্যে পৌঁছাতে সাহায্য করতে পারেন। গুরুত্বপূর্ণভাবে, যে কোন শিশুদের জন্য ব্যবস্থা গ্রহণের জন্য এফডিআর আপনাকে শিশুপালন পরিচালনা সংগঠন করতে সাহায্য করতে পারে।

সেবাকর্মসমূহ এবং দম্পতি ও পরিবারের জন্য প্রাপ্ত সাহয্যের বিষয়ে আরো তথ্যের জন্য ফ্যামিলি রিলেশনশীপস অনলাইনকে www.familyrelationships.gov.au ওয়েবসাইটে দেখুন বা ফ্যামিলি রিলেশনশীপস এ্যাডভাইস লাইনে ১৮০০ ০৫০ ৩২১ নম্বরে ফোন করুন।

এই তথ্য *ম্যারেজ এ্যাক্ট* ১৯৬১ এর উপধারা ৪২(৫এ) এবং *ম্যারেজ রেগুলেশনস* ১৯৬৩ এর বিধান ৩৯এ অনুসারে প্রদান করা হল।

চিরকালের জন্য সুখে ... আগে এবং পরে

বিবাহের পরিকল্পনা করা দম্পতির জন্য তথ্য

বিবাহ গুরুত্বপূর্ণ

আপনার উদযাপক আপনাকে এই দলিলটি দিচ্ছেন কারণ বিয়ে করার সিদ্ধান্ত হচ্ছে বৃহত্তম সিদ্ধান্তগুলির একটি যা কোন দম্পতি নিতে পারে। বিয়ে একটি অর্থপূর্ণ পদক্ষেপ যা আপনার, আপনার স্বামী/স্ত্রীর এবং আপনার পরিবারের জীবনে অনেক পরিবর্তন আনবে। এই দলিল আপনাকে জানাচ্ছেঃ

- অস্ট্রেলিয়ায় বিয়ে করার পদ্ধতি,
- বিয়ে করার কতিপয় গুরুত্বপূর্ণ আইনি পরিণতি, এবং
- কোথায় সম্পর্ক বিষয়ক সহায়তা সেবাকর্ম, যেমন বিবাহের তালিম, পারিবারিক পরামর্শ বা কলহ নিষ্পত্তির সেবাকর্মসমূহ পাওয়া যেতে পারে।

অষ্ট্রেলিয়ায় বিবাহ করাঃ

অষ্ট্রেলিয়ায় বিবাহ *ম্যারেজ এ্যাক্ট* ১৯৬১ দ্বারা নিয়ন্ত্রিত হয়, যা বিয়ে করার পদ্ধতি এবং বৈধ বিবাহের প্রয়োজনীয়তা নির্দেশ করে।

১ **নোটিশ অব ইন্টেন্ডেড ম্যারেজে**র একটি পূরণ করা ফরম বিয়ের অন্তত এক মাস (এবং ১৮ মাস পর্যন্ত) আগে অবশ্যই আপনার উদযাপককে দিতে হবে।

২ আপনাকে এবং আপনার অংশীদারকে অবশ্যই আপনাদের উদযাপককে **আপনাদের জন্মের তারিখ ও স্থান, পরিচিতি এবং কোন আগের বিবাহের সমাপ্তির প্রমাণ দিতে হবে।**

৩ আপনারা উভয়েই অবশ্যই 'বিবাহে কোন আইনগত প্রতিবন্ধকতা নাই ঘোষনা'য় দস্তখত করবেন। ঘোষনায় দস্তখত করে, আপনারা ঘোষনা করেন যে আপনাদের বিশ্বাস আপনারা বিবাহযোগ্য বয়সের, এবং আপনাদের বিয়েতে কোন আইনগত প্রতিবন্ধকতা নাই।

৪ আপনাদের **বিবাহের দিন**, উদযাপক আপনাদের বিবাহ সম্পাদন করবেন। আপনাদের উদযাপক তখন আপনাকে, আপনার অংশীদারকে এবং সাক্ষীদেরকে **তিনটি পর্যন্ত প্রমাণপত্রে দস্তখত** করতে বলবেন।

৫ আপনাদের বিবাহের পর, **আপনাদের বিবাহ উদযাপক আপনাদের বিবাহ রেজিষ্ট্রি করবেন** যে ষ্টেট বা টেরিটোরিতে আপনাদের বিয়ে হলো তার রেজিষ্ট্রি অব বার্থস, ডেথস এ্যাণ্ড ম্যারেজেস অফিসে।

অষ্ট্রেলিয়ায় বিবাহঃ
কতিপয় গরুত্বপূর্ণ বিষয় আপনার জানা প্রয়োজন

স্বাস্থ্য ও কল্যাণকর সুবিধাদি

আপনি যদি স্বাস্থ্য ও কল্যাণকর সুবিধাদি পান, তাহলে সম্পর্কিত এজেন্সিগুলির সঙ্গে আপনি বিয়ে করেছেন তা জানানোর জন্য যোগাযোগ করার দরকার হবে। আপনার সুবিধাদির কোন পরিবর্তন হবে কি না তা এই এজেন্সিগুলি আপনাকে জানাবে। আপনি সুবিধাদি হারাতে পারেন এবং বিয়ের পর যুক্তিসঙ্গত সময়ের মধ্যে আপনি বিয়ে করেছেন তা তাদেরকে বলতে ব্যর্থ হলে শাস্তিও পেতে পারেন।

আপনার নাম পরির্তন করা

যে কোন ব্যক্তি বিয়ের পর স্বামী/স্ত্রীর নাম গ্রহণ পছন্দ করতে পারে। বিবাহের পর স্বামী/স্ত্রীর বংশনাম গ্রহণ করার আইনগত প্রয়োজনীয়তা নাই।

আপনি যদি স্বামী/স্ত্রীর বংশনাম গ্রহণ করতে চান, তাহলে আপনি অবশ্যই আপনার ষ্টেট বা টেরিটোরির রেজিষ্ট্রি অব বার্থস, ডেথস এ্যাণ্ড ম্যারেজেস থেকে বিবাহের প্রমাণপত্র সংগ্রহ করবেন। এটাই সাধারণত আপনার দলিলকৃত ব্যক্তিগত তথ্যাদি (যেমন, ড্রাইভার্স লাইসেন্স) আপনার বিবাহিত বংশনামে পরিবর্তন করার জন্য যথেষ্ঠ প্রমাণ।

আপনার বিবাহের দিনে পাওয়া প্রমাণপত্রটি আনুষ্ঠানিক এবং তা বহু সরকারি এজেন্সির পরিচিতির প্রয়োজনীয়তা পূরণ করবে না, যেমন পাসপোর্ট অফিস।

নাগরিকতা

আপনি যদি কোন অষ্ট্রেলীয় নাগরিককে বিয়ে করেন, তাহলে আপনি স্বয়ংক্রিয়ভাবে অষ্ট্রেলীয় নাগরিকতা পওয়ার অধিকার অর্জন করেন না। আপনাকে তবুও নাগরিকতার জন্য আবেদন করতে হবে এবং যোগ্যতার মানদণ্ড পূরণ করতে হবে। আপনি ডিপার্টমেন্ট অব ইমিগ্রেশন এ্যাণ্ড বর্ডার প্রটেকশনের ওয়েবসাইট www.immi.gov.au হতে আরো তথ্য সংগ্রহ করতে পারেন।

উইল তৈরী করা

বিবাহ আপনার পূর্ববর্তী উইল বাতিল করবে যদি না আপনার উইল স্পষ্টভাবে দেখায় যে সেটা তৈরী করার সময় আপনি এই বিবাহের পরিকল্পনা করছিলেন।

যখন আপনার ব্যক্তিগত পরিস্থিতির পরিবর্তন হয় তখন নূতন উইল তৈরী করা গুরুত্বপূর্ণ। এটা আপনার বৈধ উইল থাকা নিশ্চিত করে যা আপনার মৃত্যু ঘটলে কিভাবে আপনি আপনার সম্পদের বণ্টন চান সে-বিষয়ে আপনার ইচ্ছাকে কার্যকর করবে। কোন আইনজীবী আপনাকে উইল তৈরী বা পরিবর্তন করতে সাহায্য করতে পারেন।

বিয়ের পর ট্যাক্স আরোপণ

যখন আপনি বিয়ে করেন, তখন আপনার দেয়া ট্যাক্সের পরিবর্তন হতে পারে। অষ্ট্রেলিয়ান ট্যাক্সেশন অফিস, কোন ট্যাক্স এজেন্ট বা কোন এ্যাকাউন্ট্যান্টের সঙ্গে বিয়ের আগে ট্যাক্সের উপর প্রভাবের বিষয়ে আলোচনার জন্য যোগাযোগ করা বিধেয়।